



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

২ নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

website : www.bmeb.gov.bd

নং বামাশিবো/রিক/দাখিল স্বীকৃতি/হবিগঞ্জ-নবীগঞ্জ-৬৫/


তারিখঃ / / ২০১৭ খ্রিঃ।

অফিস আদেশ

শিক্ষা মন্ত্রণালয়ের ০৯-০১-২০১৭ তারিখের নং ৩৭.০০.০০০০.০৮৫.৩২.০১৮.১৫.১৩ সংখ্যক স্মারক পত্র মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব আয় হতে শিক্ষক/কর্মচারীগণের বেতন ভাতা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক বহন করা হবে এবং এমপিও দাবী করা হবে না মর্মে মাদরাসা কর্তৃপক্ষ মুচলেকা জমা দেয়ায় হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলাধীন মাধবপুর ও গালিমপুর মোহাম্মদিয়া দাখিল মাদরাসায় নিম্নোক্ত শর্তে দাখিল (সাধারণ বিভাগ) স্তরে একাডেমিক স্বীকৃতি নির্দেশক্রমে ০১-০১-২০১৭ হতে ৩১-১২-২০২১ তারিখ পর্যন্ত ৫ (পাঁচ) বছরের জন্য দেওয়া হলো। মাদরাসার CODE-20726 ও EIIN-134541

পালনীয় শর্তাবলী :

১. বিধি মোতাবেক সকল পদে নিবন্ধনকৃত শিক্ষক নিয়োগ করতে হবে/ নিয়োগ থাকতে হবে।
২. দাখিল ৯ম শ্রেণী প্রাথমিক পাঠদান (সাধারণ বিভাগ) অনুমতি স্থগিত অথবা বাতিল না হওয়া সাপেক্ষে দাখিল স্বীকৃতির এ আদেশ জারী করা হলো। কোন ভাবে উক্ত প্রাথমিক পাঠদান অনুমতি স্থগিত বা বাতিল হয়ে থাকলে স্বীকৃতির এ আদেশ স্বয়ংক্রিয় ভাবে বাতিল বলে গণ্য হবে।
৩. আগামী ০৩ (তিন) মাসের মধ্যে জমির মূল সার্টিফাইড কপি, নামজারিপত্র, অখন্ড সনদ জমা দিতে হবে।
৪. স্বীকৃতি প্রাপ্তির পর স্বীকৃতি সংক্রান্ত কোন সমস্যার উদ্ভব হলে তাৎক্ষণিক মাদরাসার স্বীকৃতি প্রত্যাহার করা হবে।
৫. দাখিল পরীক্ষায় পরীক্ষার্থীর সংখ্যা এবং পাসের হার নীতিমালা অনুযায়ী হতে হবে। অন্যথায় একাডেমিক স্বীকৃতি বাতিল বলে গণ্য হবে।
৬. শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি প্রদান সম্পর্কিত শিক্ষা মন্ত্রণালয়ের নীতিমালা এবং শিক্ষক নিবন্ধন আইন মোতাবেক সকল শর্ত পূরণ থাকতে হবে। অন্যথায় এ আদেশ বাতিল বলে গণ্য হবে।
৭. প্রত্যেক শ্রেণীতে বিশেষ করে উপরের শ্রেণী সমূহে ছাত্র/ছাত্রী সংখ্যা বৃদ্ধি করতে হবে।
৮. দাখিল চূড়ান্ত পরীক্ষার ফলাফল গুণগত ও সংখ্যাগত দিক দিয়ে সন্তোষজনক হতে হবে।
৯. ছাত্র/ছাত্রীদের জন্য পৃথক পৃথক শৌচাগার নির্মাণ করতে হবে।
১০. জনবল কাঠামোর নীতিমালা ও শিক্ষক নিবন্ধন আইন অনুযায়ী শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারী নিয়োগ করতে হবে/ নিয়োগ থাকতে হবে।
১১. শিক্ষার্থীদের সমাপনী পরীক্ষায় অংশ গ্রহণ করাতে হবে এবং ফলাফল সন্তোষজনক হতে হবে।
১২. মাদরাসার প্রধান গৃহকে পাকা করতে হবে।
১৩. মাদরাসার ক্যাম্পাসে ২৫০/৫০০টি বৃক্ষ রোপন, পরিচর্যা ও সংরক্ষণ করতে হবে।
১৪. পাঠাগারে অন্যান্য ২০০০ খানা বই থাকতে হবে।



(মোঃ আবুল বাসার)


মাদরাসা পরিদর্শক

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

অধ্যক্ষ/তত্ত্বাবধায়ক

মাধবপুর ও গালিমপুর মোহাম্মদিয়া দাখিল মাদরাসা

পোঃ সুনাইত্যা মাধবপুর, উপজেলাঃ-নবীগঞ্জ, জেলাঃ হবিগঞ্জ।




নং বামাশিবো/রিক/দাখিল স্বীকৃতি/-হবিগঞ্জ-নবীগঞ্জ-৬৫/০৬/১৭

তারিখঃ ৫/২/২০১৭ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো।

১. মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২. পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, পলাশী-নীলক্ষেত, ঢাকা।
৩. রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. জেলা প্রশাসক, হবিগঞ্জ।
৬. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
ঢাকা/ময়মনসিংহ/ রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/বরিশাল/সিলেট অঞ্চল।
৭. জেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ।
৮. উপজেলা নির্বাহী অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জ।
৯. সংরক্ষণ কপি।



(মোঃ হোসেন)

উপ-মাদরাসা পরিদর্শক

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

